# সফটওয়্যারের কারুকাজ

সম্প্রতি উইন্ডোজ ৮.১ অবমুক্ত হয়েছে। যদি আপনি উইন্ডোজ ৮ অপারেটিং সিস্টেমে নতুন ব্যবহারকারী হয়ে থাকেন, তাহলে উইন্ডোজের এই নতুন ইন্টারফেসে নিশ্চয় কিছুটা হলেও বিরক্ত বোধ করবেন। উইন্ডোজ ৮.১ ব্যবহারকারীদের এই বিরক্তি দূর করতে ও কাজের উৎপাদনশীলতা বাড়াতে নিচে কয়েকটি টিপ তুলে ধরা হলো :

## লাইব্রেরি রি-ওপেন করা

বাই-ডিফল্ট মাইক্রোসফট লাইব্রেরি ফিচার ডিজ্যাবল করে রেখেছে। তবে তা খুব সহজে আবার সক্রিয় করা যায়। এ কাজটি করার জন্য Windows Explorer→View→Options ওপেন করুন। এরপর এই ফিচারকে আবার সক্রিয় কারার জন্য Show libraries in the navigation pane বক্সে টিক করুন।

## একই সাথে অব্যবহৃত অ্যাপস আন-ইনস্টল করা

উইন্ডোজ ৮.১ অপারেটিং সিস্টেম ব্যবহারকারীদেরকে একই সাথে মাল্টিপল অ্যাপ সিলেক্ট ও সেগুলোকে সব একসাথে আন-ইনস্টল করার সুযোগ দেয়। যদি কখনও এ কাজটি করার প্রয়োজন হয়, তাহলে যেগুলো আন-ইনস্টল করা দরকার, সেগুলো Start screen-এ ক্লিক করে Customise→Tick apps ডান ক্লিক করুন ।

## চার্মস ডিজ্যাবল করা

উইন্ডোজ ৮.১-এর লক্ষ্য মেনুতে দ্রুতগতিতে অ্যাক্সেসের সুবিধা দেয়া। যদি অসতর্কভাবে মাউস দিয়ে কোনো মেনু সক্রিয় করে থাকেন, তাহলে তা খুব সহজে নিষ্ক্রিয় করতে পারবেন। এ জন্য আপনাকে নেভিগেট করতে হবে Taskbar→Properties→Navigation-এ গিয়ে 'When I point to the upper-right corner, show the charms' আনটিক করে।

## আধুনিক ইউজার ইন্টারফেসের পরিবর্তে ডেস্কটপে ফাইল ওপেন করা

বাই-ডিফল্ট আধুনিক ইউজার ইন্টারফেস ব্যবহার করে স্বয়ংক্রিয়ভাবে মিউজিক, ভিডিও, ছবি এবং পিডিএফ ওপেন হয়। তবে ইচ্ছে করলে এটি বদলিয়ে ডেস্কটপে ওপেন করতে পারেন।

## মডার্ন ইউআইয়ের পরিবর্তে ডেস্কটপে ফাইল ওপেন করা

বাই-ডিফল্ট মডার্ন ইউআই অ্যাপস ব্যবহার করে স্বয়ংক্রিয়ভাবে মিউজিক, ভিডিও, ছবি এবং পিডিএফ ফাইল ওপেন হয়। তবে চাইলে তা বদলিয়ে ডেস্কটপের মধ্যে ওপেন করতে পারেন।

এ কাজটি উইন্ডোজ স্টার্ট স্ক্রিন থেকে করার জন্য আপনাকে টাইপ করতে হবে 'Default Programs and click on the Default Programs icon under results'। এরপর 'Set your default programs'-এ ক্লিক করে কাঙ্ক্ষিত অ্যাপ বেছে নিন আপনার ফাইলের জন্য ডিফল্ট হিসেবে।

**জামাল উদ্দিন**
*সাতমাথা, বগুড়া*

## শাট ডাউন করা

উইন্ডোজ ৮ শাটডাউন করার জন্য মাউস কার্সরকে স্ক্রিনের নিচে ডানপ্রান্তে মুভ করুন। এরপর Settings আইকনে ক্লিক করুন অথবা উইন্ডোজ কী চেপে ধরে ও চাপুন। এর ফলে একটি পাওয়ার বাটন দেখতে পারবেন। এরপর এতে ক্লিক করুন এবং বেছে নিন 'Shut Down' অথবা 'Restart' অপশন।

উইন্ডোজ ৮.১ এ 'Win+X' চেপে 'Shut down or sigb out' ক্লিক করুন এবং প্রয়োজনীয় অপশন বেছে নিন।

পিসি বন্ধ করার জন্য উইন্ডোজের আগের ভার্সনের কিছু কিছু কৌশল এখনও প্রয়োগ করা যায়। যেমন : 'Ctrl+Alt+Dell' কমান্ড। নিচের ডানপ্রান্তে পাওয়ার বাটনে ক্লিক করলে একই 'Shut Down' এবং 'Restart' অপশন পাবেন।

যদি ডেস্কটপে থাকেন তাহলে 'Alt+F4' চাপলে বেছে নিতে পারবেন 'Shut Down', 'Restart', 'Sign Out' বা 'Switch User' অপশন।

## ডেস্কটপে বুট করা

উইন্ডোজ ৮.১-এ ব্যবহারকারীরা সরাসরি ডেস্কটপে বুট করতে পারেন। তবে প্রথমে এই ফিচারকে ম্যানুয়ালি অ্যাক্টিভেট করতে হবে। এ কাজটি করার জন্য Taskbar→Properties→ Navigation Tab-এ ডান ক্লিক করুন।

স্টার্ট স্ক্রিনের অন্তর্গত (নিচের প্যানে) প্রথম অপশনে টিক দিন, যা 'When I sign in or close all apps on a screen, go to the desktop instead of Start'। এরপর Ok ক্লিক করুন বা অ্যাপ্লাই করুন।

## অ্যাপ্লিকেশন খুঁজে বের করা

'Win+X' মেনু বেশ সহায়ক, তবে পুরনো স্টার্ট মেনুর বিকল্প নয় এটি। কেননা এটি আপনার অ্যাপ্লিকেশনে অ্যাক্সেস সুবিধা দেয় না। Ctrl+Tab চাপুন। এরপর স্ক্রিনে নিচের বাম দিকের অ্যারোতে ক্লিক করুন অথবা স্ক্রিনের নিচ থেকে উপরের দিকে নিয়ে যান। এর ফলে ইনস্টল করা প্রোগ্রামের একটি লিস্ট আবির্ভূত হবে। তাৎক্ষণিকভাবে আপনার যা দরকার, তা যদি দেখতে না পারেন, তাহলে অ্যাপ্লিকেশনের নাম টাইপ করুন সার্চ করার জন্য অথবা উইন্ডোজ ৮.১-এ 'apps'-এর ডান দিকের অ্যারোতে ক্লিক করুন ইনস্টল হওয়া প্রোগ্রামগুলো ডেট অনুযায়ী। সবচেয়ে বেশি ব্যবহার হয় ক্যাটাগরি বা নাম অনুযায়ী বিন্যাস করার জন্য।

**রিপন**
*সবুজবাগ, পটুয়াখালী*

## উইন্ডোজ ৭-এর লগঅন স্ক্রিন কাস্টোমাইজ করা

উইন্ডোজ লগঅন স্ক্রিন পরিবর্তন করা কিছুটা জটিল ও ঝুঁকিপূর্ণ। তবে উইন্ডোজ ৭-এ এ কাজটি বেশ সহজ করা হয়েছে।

প্রথমে REGEDIT-এ রেজিস্ট্রি কী-তে ব্রাউজ করুন– HKEY_LOCAL_MACHINE\Software\Microsoft\Windows\CurrentVersion\Authentication\LogonUI\Background। এরপর DWORD ভ্যালুতে ডাবল ক্লিক করুন, যাকে বলা হয় OEMBackground। যদি এটি না থাকে, তাহলে তা তৈরি করে নিন এবং ভ্যালুকে ১-এ সেট করুন। এবার আপনার কাঙ্ক্ষিত ব্যাকগ্রাউন্ড ইমেজ খুঁজে নিন, যা ব্যবহার করত চান। এর আকার যেন ২৫৬ কি.বা.-এর কম হয় তা নিশ্চিত করুন। এরপর এই ইমেজকে %windir%\system32\oobe\info\backgrounds ফোল্ডারে কপি করুন। (যদি এগুলো না থাকে তাহলে info\backgrounds তৈরি করুন। এরপর ইমেজকে backgroundDefault.jpg হিসেবে রিনেম করুন। এবার রিবুট করলে পাবেন কাস্টোম লগঅন ইমেজ।

## উইন্ডোজ ফিচার ডিজ্যাবল করা

আগের যেকোনো সময়ের চেয়ে অনেক অনেক বেশি উইন্ডোজ ফিচারকে অপসারণ করার সুযোগ পাবেন উইন্ডোজ ৭-এ। যেমন : ইন্টারনেট এক্সপ্লোরার, মিডিয়া প্লেয়ার, উইন্ডোজ সার্চের ইনডেক্সিং সার্ভিস, উইন্ডোজ গ্যাজেট এবং আরও অনেক কিছু। তবে কিছু কিছু বিষয়ে সতর্কতা অবলম্বন করা উচিত। যেমন : মিডিয়া প্লেয়ার অপসারণ করলে এর ওপর নির্ভরশীল প্রোগ্রামগুলো সমস্যা সৃষ্টি করতে পারে।

Start-এ ক্লিক করে টাইপ করুন Optional Features এবং এন্টার চাপুন Windows Features ডায়ালগ চালু করার জন্য। এরপর থেকে যাওয়া যেকোনো ফিচারকে পরিষ্কার করার জন্য চেকবক্সকে ক্লিয়ার করুন। এ কাজ শেষে Ok-তে ক্লিক করুন।

**কমল বিশ্বাস**
*লক্ষ্মীপুর, রাজশাহী*

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপ্স ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে–* **জামাল উদ্দিন, রিপন ও কমল বিশ্বাস।**